বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

# প্রজ্ঞাপন

তারিখঃ ২১ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ/ ০৬ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ

১৭.০০.০০০০.০৪৫.৪১.০০৩.২২-৯১। "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০" এর বিধি ৮৬তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৭ জুলাই, ২০২২ খ্রিঃ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.২২.৪৫৫ নং স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৪নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৫নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ২২(বাইশ) জন কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ২৫ জুলাই, ২০২২ খ্রিঃ হতে ২৯ জুলাই, ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলঃ

"তফসিল"

| জেলার নাম | উপজেলার নাম | ক্রম | ইউনিয়নের নাম | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ঠাকুরগাঁও | রাণীশংকৈল | ১. | হোসেনগাঁও | জনাব মোঃ মমিনুল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দিনাজপুর |
| | | ২. | বাচোঁর | জনাব মোঃ আরিফুল ইসলাম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঠাকুরগাঁও |
| | | ৩. | নন্দুয়ার | জনাব মোঃ মনিরুল ইসলাম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, দিনাজপুর |
| পাবনা | সাঁথিয়া | ৪. | করমজা | জনাব মোঃ আশরাফুল ইসলাম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পাবনা |
| টাঙ্গাইল | সদর | ৫. | ছিলিমপুর | জনাব বাদল কুমার চন্দ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল |
| | | ৬. | কাতুলী | জনাব মোঃ মাহবুবুর রহমান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল |
| | | ৭. | মাহমুদনগর | বেগম নওরীন করিম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল |
| | | ৮. | কাকুয়া | বেগম মোছাঃ রুমি খাতুন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল |
| ফরিদপুর | মধুখালী | ৯. | ডুমাইন | জনাব মোঃ শফিকুল ইসলাম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর |
| | | ১০. | মেঘচামী | জনাব ফরিদ উদ্দীন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর |
| | | ১১. | আড়পাড়া | জনাব মোঃ মারুফ হাসান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর |
| ব্রাহ্মণবাড়িয়া | নবীনগর | ১২. | কাইতলা (উত্তর) | জনাব মোঃ সামিউল আলম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া |
| চাঁদপুর | মতলব দক্ষিণ | ১৩. | খাদেরগাঁও | জনাব মোঃ নাজমুল হাসান চৌধুরী, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চাঁদপুর |
| লক্ষ্মীপুর | রামগতি | ১৪. | বড়খেরী | জনাব মোঃ আবু ইউছুফ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর |
| | | ১৫. | চরআবদুল্যাহ | জনাব আনোয়ারুল কবির, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর |
| | সদর | ১৬. | দিঘলী | জনাব কামাল হোসেন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর |
| শেরপুর | নালিতাবাড়ী | ১৭. | রামচন্দ্রকুড়া মন্ডলিয়াপাড়া | জনাব আলমগীর আল মামুন, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, শেরপুর |
| মুন্সীগঞ্জ | সদর | ১৮. | বজ্রযোগিনী | জনাব মানিক দাস, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ |
| মাদারীপুর | শিবচর | ১৯. | সন্যাসীরচর | জনাব কে এম আলমগীর হোসাইন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মাদারীপুর |
| গোপালগঞ্জ | মুকসুদপুর | ২০. | বাটিকামারী | জনাব মোঃ ফিরোজ মামুন, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গোপালগঞ্জ |
| রাঙ্গামাটি | লংগদু | ২১. | লংগদু | জনাব মোঃ জামসেদ আলম, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি |
| পটুয়াখালী | বাউফল | ২২. | নাজিরপুর তাতেরকাঠী | জনাব মোহাম্মদ আশিকুর রহমান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পটুয়াখালী |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোন নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব(আইন) এর web mail address (ds_law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

জেলার নামঃ................ ইউনিয়ন পরিষদের নামঃ.............

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহিত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(মোছাঃ শাহীনুর আক্তার)
সিনিয়র সহকারী সচিব (আইন-১)
ফোন : ০২-৫৫০০৭৬০৭

প্রাপক : উপ-পরিচালক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজঁগাও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করত: মুদ্রিত গেজেটের ৫০(পঞ্চাশ) কপি সরকারী কাজে ব্যবহারের নিমিত্ত নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১৭.০০.০০০০.০৪৫.৪১.০০৩.২২-৯১ তারিখঃ ২১ জুলাই, ২০২২ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, ...........................মন্ত্রণালয়/বিভাগ(সংশ্লিষ্ট)/মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা
৩। সচিব, ................................... মন্ত্রণালয়/বিভাগ(সংশ্লিষ্ট)
৪। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা
৫। জেলা ও দায়রা জজ,...........(সংশ্লিষ্ট)
৬। মহা-পরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্ট গার্ড, ঢাকা
৭। বিভাগীয় কমিশনার,............(সংশ্লিষ্ট)
৮। যুগ্ম-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
০৯। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

১০। উপ-মহাপুলিশ পরিদর্শক,.........(সংশ্লিষ্ট)
১১। পুলিশ কমিশনার, ............(সংশ্লিষ্ট)
১২। জেলা প্রশাসক,............(সংশ্লিষ্ট)
১৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,........(সংশ্লিষ্ট)
১৪। পুলিশ সুপার,..........(সংশ্লিষ্ট)
১৫। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,...........(সংশ্লিষ্ট)
১৭। উপ-সচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার,......(সংশ্লিষ্ট)
১৯। জনাব/বেগম,..............................................................
২০। উপজেলা নির্বাহী অফিসার,......(সংশ্লিষ্ট)
২১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,......(সংশ্লিষ্ট)
২২। সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (নি:ব্য:ও স:-২)/(বাজেট ও অর্থ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৩। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪। মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)
২৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬ । রিটার্নিং অফিসার,.......(সংশ্লিষ্ট)
২৭। উপজেলা নির্বাচন অফিসার, ..........(সংশ্লিষ্ট)
২৮। অফিসার ইনচার্জ,......................(সংশ্লিষ্ট)
২৯। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

21.07.23

(মোছাঃ শাহীনুর আক্তার)
সিনিয়র সহকারী সচিব (আইন-১)
ফোন : ০২-৫৫০০৭৬০৭